



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বন সংরক্ষকের দপ্তর
বন অধিদপ্তর,
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

পুনঃবিজ্ঞপ্তি
রচনা প্রতিযোগিতা

বন অধিদপ্তর কর্তৃক আয়োজিত জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে বৃক্ষরোপণ, সংরক্ষণ ও বৃক্ষের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সারাদেশের আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নিম্নবর্ণিত নিয়মাবলী ও শর্ত মোতাবেক ৩(তিন)টি গ্রুপে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


গ্রুপ	রচনার বিষয়বস্তু	সর্বোচ্চ শব্দ সংখ্যা
১ 'ক' গ্রুপঃ স্কুল/মাদ্রাসা পর্যায়ের অধ্যয়নরত	"বৃক্ষ নিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ।"	৫০০
২ 'খ' গ্রুপঃ কলেজ/সিনিয়র মাদ্রাসা পর্যায়ের অধ্যয়নরত		৭৫০
৩ 'গ' গ্রুপঃ বিশ্ববিদ্যালয় কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের অধ্যয়নরত		১০০০

শর্তাবলী/নিয়মাবলী :

- আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে বাংলা অথবা ইংরেজী ভাষায় উল্লিখিত বিষয়ে রচনা স্বহস্তে লিখতে হবে।
- ছাত্র/ছাত্রীদের অবশ্যই অধ্যয়নের প্রমাণস্বরূপ নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে।
- সুপারিশকৃত রচনার মূলকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবিসহ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি নিজ ঠিকানায় আগামী ১২ জুন ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। বিলম্বে পৌঁছলে রচনা গ্রহণ করা হবেনা।
- প্রতিযোগীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, প্রেরী, পিতা/মাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ইংরেজী ও বাংলায় আলাদা কাগজে লিপিবদ্ধ করে রচনার সঙ্গে পাঠাতে হবে।
- খামের উপর প্রতিযোগিতার "গ্রুপ" উল্লেখ করে এবং "রচনা প্রতিযোগিতা" কথাটি লিখতে হবে। প্রত্যেক "গ্রুপ" এ প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে পুরস্কার প্রদান করা হবে।
- রচনার শব্দ সংখ্যা ১০% এর অধিক হলে রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

রচনা প্রেরণের ঠিকানা :

লিগ্যাল ইউনিট, কক্ষ নং-৪০১, বন ভবন,
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ০১৯৯৯০০০১০৪
ই-মেইল : legalunit402@gmail.com


১৩/০৫/২০২৪
(মোঃ এনাউল হক ভূইয়া)
উপবন সংরক্ষক
লিগ্যাল ইউনিট
বন ভবন, আগারগাঁও, ঢাকা

ও
সদস্য-সচিব

রচনা প্রতিযোগিতা আয়োজক উপ-কমিটি
জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪